গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহণ মন্ত্রণালয়
পরিকল্পনা- ৩ শাখা

## ২০২০-২১ অর্থবছরের এডিপিভুক্ত ও সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মার্চ, ২০২১ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | খালিদ মাহমুদ চৌধুরী. এম.পি<br>মাননীয় প্রতিমন্ত্রী |
| সভার তারিখ | ০৪/ ০৪/ ২০২১ |
| সভার সময় | সকাল ১০.০০ টা |
| স্থান | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ''ক'তে সন্নিবেশিত হলো। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় বলেন যে, কোভিড-১৯ আমাদের উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের অন্যতম চ্যালেঞ্জ হিসেবে দাঁড়িয়েছে। তথাপি আমাদেরকে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে প্রকল্প বাস্তবায়নের কাজ চালু রাখতে হবে। তিনি সংস্থা প্রধানগণ ও প্রকল্প পরিচালকগণকে প্রকল্পের সন্তোষজনক বাস্তবায়ন অগ্রগতি অর্জনের লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখার অনুরোধ করেন। পরবর্তীতে সভাপতির আহ্বানে যুগ্মসচিব (পরিকল্পনা) সভার মূল আলোচ্যসূচি উপস্থাপন করেন।

যুগ্মসচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতায় ২০২০-২১ অর্থ বছরের আরএডিপিভুক্ত ৪৪টি এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ১০টি প্রকল্পসহ মোট ৫৪ প্রকল্প চলমান রয়েছে। ২০২০-২১ অর্থ বছরে আরএডিপিভুক্ত ৪৪টি প্রকল্পের অনুকুলে মোট ৩৯২৩.১৪ কোটি টাকা এবং সংস্থাসমূহের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ১০টি প্রকল্পের অনুকুলে মোট ৭৩২.৪৮ কোটি টাকা বরাদ্দসহ সর্বমোট ৪৬৫৫.৬২ কোটি টাকা বরাদ্দ রয়েছে। তিনি সভাকে অবহিত করেন যে, ২০২০-২১ অর্থ বছরে জুলাই হতে মার্চ, ২০২১ পর্যন্ত আরএডিপিভুক্ত ৪৪টি প্রকল্পের আর্থিক অগ্রগতি ১২৭২.৯৬ কোটি টাকা (৩২.৪৪%) এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ১০টি প্রকল্পের আর্থিক অগ্রগতি ১২২.৬৪ কোটি টাকা (১৬.৭৪%)। আরএডিপিভুক্ত এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন মোট ৫৪ প্রকল্পের মোট ব্যয় ১৩৯৫.৬ কোটি টাকা ( ৩০%) ।

৩। **সংস্থাভিত্তিক অগ্রগতিঃ** সভায় সংস্থাভিত্তিক নিম্নরূপ অগ্রগতি উপস্থাপন করা হয়ঃ

| সংস্থার নাম | প্রকল্প সংখ্যা | ২০২০-২১ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ (কোটি টাকায়) | ব্যয় (কোটি টাকায়) ( %) |
|---|---|---|---|
| **আরএডিপিভুক্ত প্রকল্পের মার্চ, ২০২১ পর্যন্ত অগ্রগতি** | | | |
| বিআইডব্লিউটিএ | ১৯ | ১২২৯. ৮১ | ৪৫৪. ০৪ ( ৩৭%) |
| নৌপরিবহন মন্ত্রণালয় | ১ | ৬৯. ৯৮ | ২৫. ০৪ ( ৩৬%) |
| বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ | ৭ | ১৯৩. ০০ | ৩৩. ০৮ ( ২৬%) |
| ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট | ২ | ৬০. ৮৩ | ৪. ৫০ ( ৪৫%) |
| জাতীয় নদী রক্ষা কমিশন | ১ | ৮. ১০ | ৪. ৩৪ ( ৫৪%) |
| চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | ১ | ১৪৫. ৪৪ | - |

| সংস্থার নাম | প্রকল্প সংখ্যা | ২০২০-২১ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ (কোটি টাকায়) | ব্যয় (কোটি টাকায়) (%) |
|---|---|---|---|
| পায়রা বন্দর কর্তৃপক্ষ | ২ | ১১৫১.৬৭ | ২৫৬.৪৪ (২২%) |
| বিআইডব্লিউটিসি | ২ | ১৮৩.৭৫ | ৯৪.৮২ (৬৩%) |
| নৌপরিবহন অধিদপ্তর | ১ | ৬৯.০৪ | ২৮.৪১ (৪১%) |
| মোংলা বন্দর কর্তৃপক্ষ | ৮ | ৮০৭.৩৮ | ৩৭২.২৯ (৪৬%) |
| **মোট** | **৪৪** | **৩৯২৩.১৪** | **১২৭২.৯৬ (৩২.৪৪%)** |
| **নিজস্ব অর্থায়ন মার্চ, ২০২১ পর্যন্ত অগ্রগতি** | | | |
| চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | ৫ | ৪৩৭.২৭ | ৫৯.৬৮ (১৩.৪৬%) |
| বিআইডব্লিউটিসি | ৩ | ৩৪.৩৯ | ২৩.৩২ (৬৭.৮১%) |
| মোংলা বন্দর কর্তৃপক্ষ | ১ | ৭.৮০ | ১.৬৯ (২১.৬৬%) |
| পায়রা বন্দর কর্তৃপক্ষ | ১ | ২৫৩.০২ | ৩৭.৯৫ (১৫%) |
| **মোট** | **১০** | **৭৩২.৪৮** | **১২২.৬৪ (১৬.৭৪%)** |

উপর্যুক্ত তথ্য বিশ্লেষণে প্রতীয়মান হয় যে, এডিপি বরাদ্দের ক্ষেত্রে একটি সংস্থার অগ্রগতি শূন্য এবং দুটি সংস্থার অগ্রগতি জাতীয় গড় অপেক্ষা কম। নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পের ক্ষেত্রে মোবকের অগ্রগতি প্রায় দুই শতাংশ এবং চবকের অগ্রগতি খুবই কম। সভাকে জানানো হয় যে, কোভিড-১৯ পরিস্থিতিতে কাজের কোন সুযোগ ছিলনা। আরএডিপি অনুযায়ী প্রকল্পের অর্থছাড় অব্যাহত আছে। প্রকল্পসমুহের কার্যক্রম পুরোদমে চলছে।

৪। আলোচনা ও সিদ্ধান্তঃ

অতঃপর সভায় প্রকল্প ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি/সমস্যা এবং গত এডিপি পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির উপর আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | অভ্যন্তরীণ নৌ-পথের ৫৩টি রুটে ক্যাপিটাল ড্রেজিং (১ম পর্যায়ঃ ২৪টি নৌ-পথ) (জুলাই ২০১২-জুন ২০২১) প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে জানান যে, এ প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধির জন্য আইএমইডিতে প্রস্তাব পাঠানো হয়েছে। বেশীর ভাগ নৌপথের ক্যাপিটাল ড্রেজিং সম্পন্ন হয়েছে। নদীতে ড্রেজার সড়কপথে নেওয়ার কারণে আত্রাই নদীর ড্রেজিং কাজ শুরু করতে বিলম্ব হচ্ছে। | চতুর্থ কিস্তির অর্থ ছাড় করার জন্য দ্রুত ডিএসএল পাঠাতে হবে।<br><br>প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কার্যক্রম ত্বরানিত করতে হবে। | চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ এবং প্রকল্প পরিচালক |
| ২ | ২০টি ড্রেজারসহ সহায়ক যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি সংগ্রহ (জুলাই ২০১৫-জুন ২০২১) প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় | প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব ভৌত অবকাঠামো বিভাগ ও | চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ এবং প্রকল্প পরিচালক |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | বলেন যে, এ প্রকল্পের আওতায় খুলনা ব্যতিত বাকী সকল ড্রেজার বেজের কাজ প্রায় সম্পন্ন হয়েছে। প্রকল্পটির মেয়াদ এক বছর বৃদ্ধি করা দরকার। | আইএমইডিতে প্রেরণ করা হয়েছে, প্রকল্পটি ২০২০-২০২১ অর্থ বছরের আরএডিপিপিতে সমাপ্তির জন্য নির্ধারিত ছিল কিন্তু মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হওয়ায় প্রকল্পটি ২০২১-২০২২ অর্থবছরের এডিপি অন্তর্ভূক্তির জন্য কাযক্রম বিভাগ, পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে। | |
| ৩ | প্রকল্প পরিচালকদের প্রকল্প বাস্তবায়নে সুনির্দ্দিষ্ট Gantt chart থাকতে হবে। Gantt chart অনুযায়ী কাজ করতে হবে এবং মনিটরিং করতে হবে। | Gantt Chart অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করতে হবে । | সকল প্রকল্প পরিচালক |
| ৪ | বালাশী বাহাদুরাবাদে ফেরিঘাটসহ আনুষঙ্গিক স্থাপনাদি নির্মাণ (জুলাই ২০১৭-জুন ২০২১ পর্যন্ত) প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে জানান ৩০ লক্ষ ঘনমিটার ড্রেজিং করেও চ্যানেলটি চালু করা সম্ভব হচ্ছে না, এখন মেইন্টেনেন্স ড্রেজিং করা দরকার। চ্যানেলটি নির্ধারিত সময়ের মধ্যে চালু না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। | ড্রেজিং চ্যানেলটির sustainability বিষয়ে আগামী ১৫ দিনের মধ্যে মন্ত্রণালয়ে স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন দাখিল করতে হবে। | চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ এবং প্রকল্প পরিচালক |
| ৫ | আশুগঞ্জ অভ্যন্তরীণ কন্টেইনার নৌ-বন্দর স্থাপন।(জুলাই ২০১৮-ডিসেম্বর ২০২১) প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে জানান যে, ইতোমধ্যে অধিগ্রহণকৃত জমি বুঝে পাওয়া গেছে। টেন্ডার ডকুমেন্ট এ সপ্তাহে ভেটিং এর জন্য ভারতের এক্সিম ব্যাংক এ পাঠানো হবে। | ভারতের সম্মতিপত্রসহ দ্রুত প্রস্তাব প্রেরণ করতে হবে। প্রস্তাব পাওয়া গেলে পিএসসি সভা আহবান করা হবে। | চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ এবং প্রকল্প পরিচালক |
| ৬ | বুড়িগংগা, তুরাগ, শীতলক্ষ্যা ও বালু নদীর তীরভুমিতে পিলার স্থাপন, তীররক্ষা, ওয়াকওয়ে ও জেটিসহ আনুষংগিক অবকাঠামো নির্মাণ (২য় পর্যায়)। (জুলাই ২০১৮-জুন ২০২২) প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে জানান যে, এ প্রকল্পের কাজ দ্রূতগতিতে এগিয়ে যাচ্ছে। সভাপতি বলেন এ প্রকল্পের সাথে নৌপরিবহন মন্ত্রণালয়ের ভাবমূর্তি জড়িত বিধায় গূরুত্ব সহকারে প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। | পরিকল্পিত লক্ষ্যমাত্রা অনুযায়ী জুন,২০২১ সময়ের মধ্যে ৬টি জেটি, ইকোপার্ক ও ৩.৫ কিলোমিটার ওয়াকওয়ের কাজ শেষ করতে হবে। | চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ এবং প্রকল্প পরিচালক |
| ৭ | ৩৫টি ড্রেজার ও সহায়ক জলযানসহ আনুষংগিক সরঞ্জামাদি সংগ্রহ।(জুলাই ২০১৮-জুন ২০২৩) প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে জানান যে, ক্রয় সংক্রান্ত বেশ কয়েকটি টেন্ডারের কাজ সম্পন্ন হয়েছে, এখন বালাশীতে ড্রেজার বেজ তৈরির কাজ শুরূ করা হবে। | গূরুত্ব বিবেচনায় প্রকল্পের কাজ এগিয়ে নিতে হবে। বালাশী প্রান্তে ড্রেজার বেজ তৈরির কাজ দ্রুত শুরু করতে হবে। | চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ এবং প্রকল্প পরিচালক |
| ৮ | আনুষংগিক সুবিধাদিসহ বিশেষ ধরনের টার্মিনাল | প্রকল্পের সিভিল ওয়ার্কের | চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | পন্টুন নির্মাণ ও স্থাপন প্রকল্পের মূল কাজ প্রায় সমাপ্ত হলেও সিভিল ওয়ার্কের অগ্রগতি খুব কম। এ প্রেক্ষিতে সিভিল ওয়ার্কের অগ্রগতি ত্বরান্বিত করে নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্ত করার বিষয়ে সভা একমত পোষণ করে। | অগ্রগতি ত্বরান্বিত করতে হবে।<br>নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্তির লক্ষ্যে এখন থেকেই প্রচেষ্টা নিতে হবে। | এবং প্রকল্প পরিচালক |
| ৯ | বরিশাল বিভাগের নদীগুলোর নাব্যতা উন্নয়ন, পানি নিস্কাশনসহ জলাবদ্ধতা রোধ, সেচ ব্যবস্থা এবং ল্যান্ডিং সুবিধাদি প্রদানকল্পে ক্যাপিটাল ড্রেজিং ও মেইনটেনেন্স ড্রেজিং এর মাধ্যমে নদী ব্যবস্থাপনার সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের কাজ সমাপ্ত হয়ে গেছে মর্মে প্রকল্প পরিচালক সভায় জানান। | দ্রুত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি এবং প্রকল্প পরিচালক |
| ১০ | অভ্যন্তরীণ ও উপকুলীয় নৌ- পথের জন্য নৌ- সহায়ক যন্ত্রপাতি সংগ্রহ ও সংযোজন প্রকল্পের কাজ চলতি অর্থবছরে সমাপ্ত হবে মর্মে প্রকল্প পরিচালক সভায় জানান। | দ্রুত প্রকল্পটি সমাপ্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>প্রকল্প সমাপ্তি প্রতিবেদন ( পিসিআর) মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি এবং প্রকল্প পরিচালক |
| ১১ | মোংলা বন্দরে ভেসেল ট্রাফিক ম্যানেজমেন্ট এন্ড ইনফরমেশন সিস্টেম (ভিটিএমআইএস) প্রবর্তন সিস্টেম প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে জানান যে, করোনা পরিস্থিতিতে বিদেশী কনসালট্যান্ট কাজ করতে পারছে না বিধায় প্রকল্পের কাজ শেষ করতে সময় বেশী লাগছে। প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধি করতে হবে। আগামি ২৮ এপ্রিল ২০২১ প্রকল্পের পিইসি সভা পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত হবে। | পরিকল্পনা কমিশনের সিদ্ধান্তের জন্য অপেক্ষা করা যায়। | চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ এবং প্রকল্প পরিচালক |
| ১২ | মোংলা বন্দরের জন্য অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি/সরঞ্জামাদি সংগ্রহ প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের অনুকূলে ২০২০-২১ অর্থবছরের আরএডিপিতে বরাদ্দকৃত অর্থের ৩য় কিস্তির অর্থ অবমুক্তির প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে, বর্ণিত প্রকল্পের অনুকূলে ১ম ও ২য় কিস্তি বাবদ মোট ৪০.৫০ কোটি (রাজস্ব ৬.৭৯ কোটি + মূলধন ৩৩.৭১ কোটি) টাকা অবমুক্ত করা হয়েছে। ফলে রাজস্ব খাতে এডিপি'তে বরাদ্দকৃত ১৫.০০ কোটি টাকার স্থলে আরএডিপি'তে ৩৬.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করায় এবং ইতোমধ্যে ১ম ও ২য় কিস্তি বাবদ ৬.৭৯ কোটি টাকা অবমুক্ত হওয়ায় প্রকল্পটির ৩য় কিস্তির অর্থ ছাড় করার জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতির জন্য প্রস্তাব প্রেরণ করা যাচ্ছে না। | ক) মোবক কর্তৃক পরিকল্পনা কমিশন হতে মূলধন খাত হতে ইতোমধ্যে ব্যয়িত অর্থ খাত পরিবর্তনের মাধ্যমে রাজস্ব খাতে স্থানান্তরের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>খ) খাত পরিবর্তনের পর ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ অবমুক্তকরনের নিমিত্ত পুনরায় প্রস্তাব প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, মোবক এবং প্রকল্প পরিচালক |
| ১৩ | আপগ্রেডেশন অব মোংলা পোর্ট প্রকল্পের বিষয়ে মোবক চেয়ারম্যান জানান ইতোমধ্যে কন্সাল্ট্যান্ট নিয়োগের জন্য EOI আহবান করা | দ্রুত প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | চেয়ারম্যান, মোবক |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | হয়েছে। শিঘ্রই প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করা হবে। | | |
| ১৪ | বাল্লা স্থলবন্দর উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় জানান যে সীমান্তের ১৫০ মিটারের মধ্যে অবস্থিত থাকায় সীমান্ত আইন সংক্রান্ত জটিলতার দরুন নির্ধারিত সময়ে কাজ শেষ করতে না পারায় প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধি করতে হবে। | প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, বাস্থবক ও প্রকল্প পরিচালক |
| ১৫ | ধানুয়া কামালপুর স্থলবন্দর উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় জানান যে সীমান্তের ১৫০ মিটারের মধ্যে অবস্থিত থাকায় সীমান্ত আইন সংক্রান্ত জটিলতার দরুন নির্ধারিত সময়ে কাজ শেষ করতে না পারায় প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধি করতে হবে। | প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, বাস্থবক ও প্রকল্প পরিচালক |
| ১৬ | বেনাপোল স্থলবন্দরে কার্গো ভেহিক্যাল টার্মিনাল নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় জানান যে সীমান্তের ১৫০ মিটারের মধ্যে অবস্থিত থাকায় সীমান্ত আইন সংক্রান্ত জটিলতার দরুন নির্ধারিত সময়ে কাজ শেষ হবে না বিধায় প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধি করতে হবে। | অর্থ ছাড় ও প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | চেয়ারম্যান, বাস্থবক ও প্রকল্প পরিচালক |
| ১৭ | জিএমডিএসএস ও ইন্টগ্রেটেড মেরিটাইম নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে জানান করোনা পরিস্থিতিতে বিদেশী কনসালট্যান্ট কাজ করতে পারছে না বিধায় প্রকল্পের কাজ শেষ করতে সময় বেশী লাগছে। প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধি করতে হবে। | আগামী সাত দিনের মধ্যে এ বিষয়ে একটি প্রতিবেদন ও মেয়াদ বৃদ্ধির প্রস্তাব এ মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | ডিজি, নৌপরিবহন অধিদপ্তর ও প্রকল্প পরিচালক |
| ১৮ | সভায় আলোচনা হয় যে, প্রকল্পের মাসিক অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ না করার ফলে প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, আইএমইডিসহ বিভিন্ন দপ্তরে যথাসময়ে সঠিক তথ্য প্রেরণে সমস্যা হয়। | প্রকল্পের প্রতিমাসের অগ্রগতি প্রতিবেদন পরবর্তী মাসের ০১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | সকল সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালক |
| ১৬ | চলতি অর্থবছরে ১৩টি প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারিত আছে। এরি মধ্যে দুটি প্রকল্প সমাপ্ত হয়েছে। অবশিষ্ট প্রকল্পসমূহ সমাপ্তির লক্ষ্যে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। যৌক্তিক কারণে একটি প্রকল্প (২০ ড্রেজার প্রকল্প) সমাপ্ত হবে না। | সমাপ্তির জন্য নির্ধারিত সকল প্রকল্প আবশ্যিকভাবে জুন ২০২১ সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। | সকল সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালক |
| ১৭ | আরএডিপিতে প্রদর্শিত বরাদ্দ অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ১০০% অর্জন করতে হবে। | এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালক |
| ১৮ | নিজস্ব অর্থায়নে বাস্তবায়নে প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি কম। এ বিষয়ে দ্রুত কার্যকর | নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বাস্তবায়ন | চবক, মোবক, টিসি |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অগ্রগতি ১০০% নিশ্চিত করতে হবে। | |
| ১৯ | ১২ টি প্রকল্পের মেয়াদ বৃদ্ধি/সংশোধন প্রয়োজন। প্রকল্পসমূহ হচ্ছেঃ<br>১) ২০টি ড্রেজারসহ সহায়ক যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি সংগ্রহ প্রকল্প।<br>২) মোংলা বন্দরের সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট স্থাপন প্রকল্প।<br>৩) মোংলা বন্দরে ভেসেল ট্রাফিক ম্যানেজমেন্ট এন্ড ইনফরমেশন সিস্টেম (ভিটিএমআইএস) প্রবর্তন।<br>৪) মোংলা বন্দরের জন্য অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি/সরঞ্জামাদি সংগ্রহ<br>৫) স্ট্র্যাটেজিক মাস্টার প্ল্যান ফর মোংলা পোর্ট<br>৬) ডিটেইল স্টাডি অন ইনল্যান্ড রিভার নেভিগেশনাল রুটস, প্রিভেনশন এন্ড পলুশন, ইললিগ্যাল অকুপেশন এন্ড প্রটেকশন অফ রিভার্স (এসআরপিপি)<br>৭) জিএমডিএসএস ও ইন্টগ্রেটেড মেরিটাইম নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্প<br>৮) ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট স্থাপন মাদারীপুর শাখা<br>৯) বেনাপোল স্থলবন্দরে কার্গো ভেহিক্যাল টার্মিনাল নির্মাণ<br>১০) বাল্লা স্থলবন্দর উন্নয়ন<br>১১) ধানুয়া কামালপুর স্থলবন্দর উন্নয়ন<br>১২) বিলোনিয়া স্থলবন্দর উন্নয়ন | চলতি এপ্রিল, ২০২১ সময়ের মধ্যে মেয়াদ বৃদ্ধি/ সংশোধনের সমুদয় প্রস্তাব মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। এপ্রিল'২০২১ এর পর মেয়াদ বৃদ্ধির কোন প্রস্তাব বিবেচনা করা হবে না। | সকল সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালক |
| ২০ | ফাস্ট ট্র্যাক প্রকল্প এবং বৈদেশিক ঋণে বাস্তবায়নাধীন প্রকল্পের অগ্রগতি বাড়াতে হবে। | ফাস্ট ট্র্যাক প্রকল্প এবং বৈদেশিক ঋণে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করতে হবে। | সংশ্লিষ্ট সংস্থা প্রধান এবং প্রকল্প পরিচালক |

৫। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

খালিদ মাহমুদ চৌধুরী. এম.পি
মাননীয় প্রতিমন্ত্রী

স্মারক নম্বর: ১৮. ০০. ০০০০. ০৩১. ০৬. ০০১. ২০. ৩

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭
১৩ এপ্রিল ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)- এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)- এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)- এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৭) চেয়ারম্যান, বাংলাদেশ নদী রক্ষা কমিশন
৮) অতিরিক্ত সচিব( সকল) , নৌপরিবহন মন্ত্রণালয়
৯) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর
১০) চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
১১) চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি
১২) চেয়ারম্যান, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
১৩) মহা- পরিচালক, নৌপরিবহন অধিদপ্তর
১৪) চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ
১৫) চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ
১৬) চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ
১৭) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন
১৮) যুগ্ম সচিব( সকল) , নৌপরিবহন মন্ত্রণালয়
১৯) কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম
২০) অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম
২১) যুগ্মপ্রধান, এনইসি- একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
২২) উপসচিব(সকল) , নৌপরিবহন মন্ত্রণালয়
২৩) মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়
২৪) সিনিয়র সহকারী সচিব, ( সকল) , নৌপরিবহন মন্ত্রণালয়
২৫) সচিবের একান্ত সচিব, সচিব এর দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়
২৬) প্রকল্প পরিচালক (সকল)
২৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, নৌপরিবহন মন্ত্রণালয়

মোঃ আমিরুল কায়ছার
উপসচিব